নগরীর সুবিদবাজারে অগ্রণী তরুণ সংঘের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত

চেম্বার ডেস্ক::.

সিলেট নগরীর সুবিদবাজারস্থ লন্ডনী রোডের অগ্রণী তরুণ সংঘের ঈদ পূনর্মিলনী সভা শনিবার (৭ মে) রাতে সংঘের কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।

অগ্রণী তরুণ সংঘের সভাপতি মো. জহিরুল ইসলাম মিশুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মাসুদুজ্জামান তফাদার মুক্তার এর পরিচালনায় সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,সিলেট জেলা যুবলীগের সভাপতি শামীম আহমদ ভিপি, মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ডা.আরমান আহমদ শিপলু, সিলেট সিটি করপোরেশনের কাউন্সিলর ইলিয়াসুর রহমান,৭ নং ওয়ার্ড আওয়ামীলীগের সিনিয়র সহ সভাপতি জয়নাল আহমদ,সিলেট মহানগর স্বেচ্ছাসেবকলীগের সহ সভাপতি রানা শেখ,সিলেট মহানগর ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুল বাছিত রুম্মান, বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সংসদের সহ সম্পাদক সাইফুর রহমান সাইফুর,লন্ডনী রোড পঞ্চায়েত কমিটির সভাপতি আব্দুল খালিক, সিলেট অনলাইন প্রেসক্লাবে পাঠাগার সম্পাদক মবরুর সাজু,অগ্রনী তরুন সংঘের সাবেক সভাপতি রাসেল আহমদ চৌধুরী রাজু।

এ সময় বক্তারা বলেন,তরুণ প্রজন্মের কাছ থেকেই নেতৃত্ব আসতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখহাসিনার হাতকে শক্তিশালী ও দেশকে এগিয়ে নেয়ার জন্য দরকার তরুণ নেতৃত্ব দরকার।

সোনার বাংলা খ্যাত দেশটি যখন ২০৪১ সালের মধ্যে ‘উন্নত বাংলাদেশ’ হওয়ার স্বপ্ন দেখছে; ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে একটি উদ্ভাবনী দেশ হিসেবে বিশ্বমণ্ডলে পরিচিত হতে চাচ্ছে; তখন সময় এসেছে দেশের সব গুরুত্বপূর্ণ অংশীদারদের তাদের নিজেদের দায়িত্ব, কর্তব্য ও করণীয় সম্পর্কে জানার ও সে অনুযায়ী প্রয়োজন।

বক্তারা বলেন,বাংলাদেশের উন্নয়নের এই যাত্রায় দেশের তরুণ সমাজের গুরুত্ব অপরিসীম। তাই ভবিষ্যৎ বাংলাদেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশীদার, দেশের তরুণ সমাজকে তার অংশগ্রহণ ও নেতৃত্ব নিশ্চিত করতে হবে।

বক্তারা বলেন, আজকের তরুনরাই আগামির কর্নধার,তাই
দুর্নীতি, বৈষম্য, নারীর প্রতি সহিংসতা—বর্তমান সমাজের বিদ্যমান এসব ব্যাধি দূর করতে হবে তরুণদের। বাংলাদেশকে নিয়ে যত নেতিবাচক আলোচনা আছে তা থামিয়ে দেওয়া তরুণ নেতৃত্বের পক্ষেই সম্ভব। এর জন্য তরুণদের মধ্যে সহনশীলতা, অহিংসা এবং ভিন্ন মতামত গ্রহণের সামর্থ্য তৈরি করতে হবে।

সভায় অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন,সিলেট সিটি কর্পোরেশনের প্রথম মেয়র বদর উদ্দিন আহমদ কামরানের সাবেক,ব্যক্তিগত সচিব বিপুল কান্তি তালুকদার,অগ্রনী তরুণ সংঘের মোঃ এমদাদুল হক লিপন,আবু সালেহ মোহাম্মদ জাকারিয়া,রাশেদুজ্জামান রাশেদ,আবুল কাইয়ুম আহাদ, রুহিন,মাহিম,সোহান,হাসান,রানা,জাবের,মুন্না প্রমুখ।